গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
(শৃঙ্খলা ও তদন্ত উপশাখা)
১৯৬, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণি,
বিজয় নগর, ঢাকা-১০০০।
www.dife.gov.bd

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.০০০.৯৯.০০২৪.২৪- ১৪০৩

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২
১৩ এপ্রিল ২০২৬

**দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ**

যেহেতু, আপনি জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরাধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া (সংযুক্ত: উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা)-এ কর্মরত রয়েছেন। আপনার আবেদনের প্রেক্ষিতে অত্র দপ্তর কর্তৃক ১৯-০৫-২০২৪ খ্রি. তারিখের ৪০.০১.০০০০.১০১.০৮.০১১.১৮.৩৯৫ নম্বর প্রজ্ঞাপন-মূলে ০৯-০৬-২০২৪ খ্রি. হতে ০৮-০৬-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত ০১ (এক) বছরের বহি:বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। আদেশ অনুযায়ী আপনার মঞ্জুরকৃত বহি:বাংলাদেশ ছুটি সমাপ্ত হলেও আপনি কর্মস্থলে যোগদান না করে বহি:বাংলাদেশ ছুটি বর্ধিতকরণের আবেদন করেন। তৎপ্রেক্ষিতে, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ১৪-০৯-২০২৫ খ্রি. তারিখের ৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭.১০৪ নম্বর পত্র মারফত বর্ণিত বহি:বাংলাদেশ ছুটি বর্ধিতকরণের আবেদন নামঞ্জুরপূর্বক অবিলম্বে দেশে প্রত্যাবর্তন করে কর্মস্থলে যোগদানের জন্য আপনাকে নির্দেশ প্রদান করা হয়। এতদসত্ত্বেও আপনি কর্মস্থলে যোগদান করেননি। ফলশ্রুতিতে, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও বিধি ৩(গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলা নম্বর-০৬/২০২৫ রুজুপূর্বক আপনার বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা ও ব্যক্তিগত ই-মেইল মারফত অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করা হয়। আপনি অভিযোগনামার জবাব দাখিল করলেও জবাবে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেননি বা দেশে প্রত্যাবর্তন করে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেননি;

০২। যেহেতু, আপনি অভিযোগনামার জবাব দাখিল করলেও জবাবে ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেননি বিধায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক অভিযোগ তদন্তের জন্য প্রধান কার্যালয়ের প্রশাসন শাখার উপমহাপরিদর্শক জনাব এ.কে.এম. মানছুরুল হক-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও বিধি ৩(গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' (desertion)' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে;

০৪। সেহেতু, আপনার এহেন কার্যকলাপের জন্য আপনাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও বিধি ৩(গ) মোতাবেক 'অসদাচরণ' ও 'পলায়ন' (desertion)' এর দায়ে দোষী সাব্যস্ত করা হলো। এমতাবস্থায়, উক্ত অপরাধের দায়ে কেনো আপনাকে উল্লিখিত বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক **'চাকুরী হইতে বরখাস্তকরণ'** দণ্ড প্রদান করা হবে না- একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে তার জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

**সংযুক্তি:** তদন্ত প্রতিবেদন- ০৪ (চার) পাতা।

(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)
+৮৮-০২-২২৬৬৬৪২০২ (ফোন)
+৮৮-০২-২২৬৬৬৪২০৩ (ফ্যাক্স)
ig@dife.gov.bd

**প্রাপক:**
জনাব শিউলী বিশ্বাস,
শ্রম পরিদর্শক (সাধারণ)
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর,
উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া, (সংযুক্ত-উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা)

**স্থায়ী ঠিকানা:**
জনাব শিউলী বিশ্বাস,
পিতা: জনাব অখিল বিশ্বাস
গ্রাম: বাগডাঙ্গা, ডাকঘর: গাংনালীয়া,
উপজেলা: মাগুরা সদর, জেলা: মাগুরা।

স্মারক নম্বর: ৪০.০১.০০০০.০০০.০০০.৯৯.০০২৪.২৪-১৪০৩/১(৮)    তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ / ১৩ এপ্রিল ২০২৬

**জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**

১। যুগ্ম মহাপরিদর্শক, প্রশাসন অধিশাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, ঢাকা;
২। উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা;
৩। উপমহাপরিদর্শক, মানব সম্পদ উন্নয়ন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৪। উপমহাপরিদর্শক, প্রশাসন শাখা; কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর;
৫। উপমহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর, উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া;
৬। জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ)-এর ব্যক্তিগত নথি;
৭। শ্রম পরিদর্শক (স্বাস্থ্য), আইসিটি সেল, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর (**অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ**); এবং
৮। অফিস কপি/গার্ড ফাইল।

১৩/৪/২৬

(ওমর মোঃ ইমরুল মহসিন)
মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব)

## তদন্ত প্রতিবেদন

**শিরোনাম:** জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০৬/২০২৫ এর তদন্ত প্রতিবেদন।

### ১. অভিযুক্ত কর্মচারীর পরিচিতি:

নাম: জনাব শিউলী বিশ্বাস

পদবি: শ্রম পরিদর্শক (সাধারণ)

কর্মস্থল: উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া (সংযুক্ত: উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা)।

### ২. মামলার পটভূমি ও অভিযোগের বিবরণ:

কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ১৯-০৫-২০২৪ তারিখের ৪০.০১.০০০০.১০১.০৮.০১১.১৮.৩৯৫ নম্বর প্রজ্ঞাপন-মূলে ০৯-০৬-২০২৪ তারিখ হতে ০৮-০৬-২০২৫ তারিখ পর্যন্ত জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ) এর ০১ (এক) বছরের বহি:বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। আদেশ অনুযায়ী বর্ণিত কর্মচারীর মঞ্জুরকৃত বহি:বাংলাদেশ ছুটি সমাপ্ত হলেও তিনি কর্মস্থলে যোগদান না করায় ১৪-০৯-২০২৫ খ্রি. তারিখে ৪০.০১.০০০০.০০০.১০১.২৭.০০০৩.১৭.১০৪ নম্বর স্মারক-মূলে তাকে দেশে প্রত্যাবর্তন করে কর্মস্থলে যোগদানের জন্য পত্র প্রেরণ করা হয়; এতদসত্ত্বেও তিনি কর্মস্থলে যোগদান করেননি। ফলশ্রুতিতে, জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরাধীন উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া (সংযুক্ত: উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' ও একই বিধিমালার বিধি ৩(গ) অনুযায়ী 'পলায়ন' এর অভিযোগে অভিযুক্ত করে দপ্তর কর্তৃক বিভাগীয় মামলা নং-০৬/২০২৫ রুজুপূর্বক অভিযুক্ত কর্মচারী বরাবর অভিযোগনামা প্রেরণ করা হয়। অভিযুক্ত কর্মচারী অভিযোগনামার জবাব দাখিল করলেও জবাবে তিনি ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেননি বা দেশে প্রত্যাবর্তন করে ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেননি। ফলশ্রুতিতে, অভিযুক্ত কর্মচারীর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা নং-০৬/২০২৫ এ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ মোতাবেক অভিযোগ তদন্তের জন্য প্রধান কার্যালয়ের প্রসাশন শাখার উপমহাপরিদর্শক জনাব এ.কে.এম. মানছুরুল হক-কে তদন্তকারী কর্মকর্তা হিসেবে নিয়োগ করা হয়।

### ৩. তদন্তের প্রক্রিয়া:

বিভাগীয় মামলার সুষ্ঠু তদন্তের লক্ষ্যে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রধান কার্যালয়ের প্রশাসন শাখার উপমহাপরিদর্শক জনাব এ.কে.এম. মানছুরুল হক-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্তের ধারাবাহিকতায় অভিযুক্ত কর্মচারীকে ২৮-১২-২০২৫ এবং ০৭-০১-২০২৬ খ্রি. তারিখে ব্যক্তিগত শুনানির নিমিত্তে নোটিশ প্রদান করা হলেও তিনি বর্ণিত শুনানিতে উপস্থিত হননি কিংবা তদন্তকারী কর্মকর্তার সাথে কোনো প্রকার যোগাযোগ করেননি। প্রসঙ্গত, অভিযোগের সত্যতা যাচাইকল্পে ০৪-০১-২০২৬ ও ০৫-০১-২০২৬ তারিখে কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা এবং ৩১-০১-২০২৬ তারিখে উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়ায় সরেজমিন তদন্ত-কার্য পরিচালনা করা হয়। এ সময় প্রয়োজনীয় রেকর্ডপত্র যাচাইয়ের পাশাপাশি সংশ্লিষ্ট কার্যালয়সমূহের কর্মকর্তা-কর্মচারীদের জবানবন্দি গ্রহণ করা হয়। প্রসঙ্গত, ০১-০২-২০২৬ তারিখে অভিযুক্তের স্থায়ী ঠিকানায় (গ্রাম: বাগডাঙ্গা, ডাকঘর: গাংনালীয়া, উপজেলা: মাগুরা সদর, জেলা: মাগুরা) উপস্থিত হয়ে তার পরিবারের

সাথে সাক্ষাৎ করা হয়; কিন্তু, অভিযুক্তের পিতা জনাব অখিল বিশ্বাস এ বিষয়ে কোনো প্রকার তথ্য বা বক্তব্য প্রদানে অস্বীকৃতি জ্ঞাপন করেন।

**৪. প্রাপ্ত তথ্যাদি ও সাক্ষ্য প্রমাণ:**

**বিভাগীয় মামলা নং-০৬/২০২৫ এর অভিযুক্ত কর্মচারী জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ) এর বিদেশে অবস্থান সম্পর্কে উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনার কর্মকর্তা-কর্মচারীদের মতা**মত:

ক) উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনার উপমহাপরিদর্শক জনাব সান্তাজ বিল্লাহ বলেন- জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনায় (মূল পদায়ন: উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়া) সংযুক্তিতে আছেন। কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের ১৯-০৫-২০২৪ তারিখের ৪০.০১.০০০০.১০১.০৮.০১১.১৮.৩৯৫ নং প্রজ্ঞাপন অনুসারে ০৯-০৬-২০২৪ তারিখ হতে ০৮-০৬-২০২৫ তারিখ পর্যন্ত তার ০১ (এক) বছরের বহি:বাংলাদেশ ছুটি মঞ্জুর করা হয়। মঞ্জুরকৃত বহি:বাংলাদেশ ছুটি সমাপ্ত হলেও তিনি কর্মস্থলে যোগদান না করায় অত্র কার্যালয় কর্তৃক ২০-০৭-২০২৫ তারিখে ৪০.০১.৪৭০০.০০০.১০০.২৭.০০০১.১৯.৮৮ নং পত্রের মাধ্যমে তাকে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। উক্ত কারণ দর্শানো নোটিশের প্রেক্ষিতে দাখিলকৃত লিখিত জবাবে তিনি বহি:বাংলাদেশ ছুটি বর্ধিতকরণের আবেদন করেন। এ প্রেক্ষিতে, তার বহি:বাংলাদেশ ছুটি বর্ধিতকরণের আবেদন নামঞ্জুরকরত: অবিলম্বে দেশে প্রত্যাবর্তন করে তাকে কর্মস্থলে যোগদানের জন্য প্রধান কার্যালয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হলেও তিনি কর্মস্থলে যোগদান করেননি। ফলশ্রুতিতে, প্রধান কার্যালয় কর্তৃক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৬/২০২৫ রুজু করা হয়। প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট চিঠি পত্রাদি- ই-মেইল ও হোয়াটসঅ্যাপ মারফত তাকে প্রেরণ করা হলেও দেশে প্রত্যাবর্তন করে কর্মস্থলে যোগদান বা বিভাগীয় মামলার ব্যক্তিগত শুনানিতে উপস্থিতির বিষয়ে তিনি আগ্রহ প্রকাশ করেননি। তার এই দীর্ঘ অনুপস্থিতির কারণে শ্রম পরিদর্শনের মতো গুরুত্বপূর্ণ মাঠ পর্যায়ের কার্যক্রম ব্যাহত হচ্ছে এবং দপ্তরের নিয়মিত কার্যক্রমে চাপের সৃষ্টি হয়েছে। একজন দায়িত্বশীল সরকারি কর্মচারী হিসেবে কর্তৃপক্ষের বৈধ আদেশ অমান্য করা এবং বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করে থাকা শৃঙ্খলা পরিপন্থী কাজ।

খ) সহকারী মহাপরিদর্শক (সেইফটি) জনাব এস এম শাহাজদ কবির জানান- আমি এস এম শাহাজদ কবির, সহকারী মহাপরিদর্শক (সেইফটি) পদে উপমহাপরিদর্শকের কার্যালয় খুলনাতে কর্মরত আছি। জনাব শিউলি বিশ্বাস যখন বহিঃবাংলাদেশ ছুটির আবেদন করেন তখন আমি প্রধান কার্যালয়ে কর্মরত ছিলাম। অত্র কার্যালয়ে যোগদানের কয়েক মাস পরে আমি জানতে পারি জনাব শিউলি বিশ্বাস এর ছুটি শেষে অত্র কার্যালয়ে যোগদান করার কথা থাকলেও তিনি যোগদান করেননি এবং তাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়েছে। উপমহাপরিদর্শক মহোদয়ের নির্দেশমতে জনাব শিউলি বিশ্বাস এর ব্যক্তিগত হোয়াটসঅ্যাপে কারণ দর্শানোর নোটিশ এর কপি প্রেরণ করা হয় এবং মুঠোফোনে তার সাথে কথা বলে কারন দর্শানোর নোটিশ প্রাপ্তির বিষয়ে নিশ্চিত করা হয়। পরবর্তীতে কারণ দর্শানোর জবাব সাপেক্ষে প্রধান কার্যালয় কর্তৃক তাকে অবিলম্বে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদানের নির্দেশনা প্রদান করা হলেও তিনি যোগদান করেননি। এর পরিপ্রেক্ষিতে প্রধান কার্যালয় কর্তৃক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৬/২০২৫ দায়ের করা হয়। উপমহাপরিদর্শক মহোদয়ের নির্দেশক্রমে জনাব শিউলি বিশ্বাস এর ব্যক্তিগত হোয়াটসঅ্যাপে বিভাগীয় মামলার নোটিশ এর কপি প্রেরণ করা হয়। বিভাগীয় মামলা তদন্তের শুনানিতে স্বশরিরে উপস্থিত হয়ে বক্তব্য প্রদানের জন্য জনাব শিউলি বিশ্বাস-কে ই-মেইল ও হোয়াটসঅ্যাপে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে এ বিষয়ে জনাব শিউলি বিশ্বাস বা তার পক্ষে কেউ আর কোনো যোগাযোগ করেননি।

গ) শ্রম পরিদর্শক (সাধারণ) জনাব শেখ মহিদুর রহমান জানান- আমি শেখ মহিদুর রহমান, শ্রম পরিদর্শক (সাধারণ) পদে উপমহাপরিদর্শকের কার্যালয় খুলনাতে কর্মরত আছি। আমার জানামতে জনাব শিউলি বিশ্বাস বহিঃবাংলাদেশ ছুটির আবেদন করেন। বিপিএটিসি-তে ফাউন্ডেশন ট্রেনিং-এ থাকাকালীন আমি জানতে পারি জনাব শিউলি বিশ্বাস বহিঃবাংলাদেশ ছুটিতে দেশের বাইরে অবস্থান করছেন। ছুটি শেষে অত্র কার্যালয়ে যোগদান করার কথা থাকলেও তিনি যোগদান করেননি এবং তাকে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়েছে। উপমহাপরিদর্শক মহোদয়ের নির্দেশমতে জনাব শিউলি বিশ্বাস এর ব্যক্তিগত হোয়াটসঅ্যাপে কারণ দর্শানোর নোটিশ এর কপি প্রেরণ করা হয় এবং মুঠোফোনে তার সাথে কথা বলে কারন দর্শানোর নোটিশ প্রাপ্তির বিষয়ে নিশ্চিত করা হয়। পরবর্তীতে কারণ দর্শানোর জবাব সাপেক্ষে প্রধান কার্যালয় কর্তৃক তাকে অবিলম্বে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদানের নির্দেশনা প্রদান করা হলেও তিনি যোগদান করেননি। এর পরিপ্রেক্ষিতে প্রধান কার্যালয় কর্তৃক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা নং-০৬/২০২৫ দায়ের করা হয়। উপমহাপরিদর্শক মহোদয়ের নির্দেশক্রমে জনাব শিউলি বিশ্বাস এর ব্যক্তিগত হোয়াটসঅ্যাপে বিভাগীয় মামলার নোটিশ এর কপি প্রেরণ করা হয়। বিভাগীয় মামলা তদন্তের শুনানিতে স্বশরীরে উপস্থিত হয়ে বক্তব্য প্রদানের জন্য জনাব শিউলি বিশ্বাস-কে মেইল ও হোয়াটসঅ্যাপে পত্র প্রেরণ করা হয়। পরবর্তীতে এ বিষয়ে জনাব শিউলি বিশ্বাস বা তার পক্ষে কেউ আর কোনো যোগাযোগ করেননি।

ঘ) শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) জনাব মোহাম্মাদ এহসানুল হক বলেন- আমি মোহাম্মাদ এহসানুল হক, শ্রম পরিদর্শক (স্বাস্থ্য) পদে উপমহাপরিদর্শকের কার্যালয় খুলনাতে কর্মরত আছি। জনাব শিউলি বিশ্বাস যখন বহিঃবাংলাদেশ ছুটির আবেদন করেন তখন আমি অত্র কার্যালয়ে কর্মরত ছিলাম। জনাব শিউলি বিশ্বাস এর ছুটি শেষে অত্র কার্যালয়ে যোগদান করার কথা থাকলেও তিনি যোগদান করেননি। এর পরিপ্রেক্ষিতে প্রধান কার্যালয় কর্তৃক তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করেছে বলে জানতে পেরেছি। এ বিষয়ে জনাব শিউলি বিশ্বাস বা তার পক্ষে কেউ আর কোনো যোগাযোগ করেননি।

ঙ) অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক জনাব নাজিম হোসেন জানান- আমি নাজিম হোসেন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে উপমহাপরিদর্শকের কার্যালয় খুলনাতে ১৫-১১-২০২২ হতে কর্মরত আছি। আমার জানামতে শিউলি বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ) কানাডা যাবার জন্যে ০১ (এক) বছরের বহি:বাংলাদেশ ছুটি মঞ্জুর করেন। মঞ্জুরকৃত বহি:বাংলাদেশ ছুটি সমাপ্ত হলেও তিনি অদ্যাবধি এই কার্যালয়ে যোগদান করেননি।

**বিভাগীয় মামলা নং-০৬/২০২৫ এর অভিযুক্ত কর্মচারী জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ) এর বিদেশে অবস্থান সম্পর্কে উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়ার কর্মকর্তা-কর্মচারীদের মতা**মত:

জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ) এর বিদেশে অবস্থান সম্পর্কে উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়ার কর্মকর্তা-কর্মচারীগণ প্রত্যয়ন করেন- জনাব শিউলি বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ), উপমহাপরিদর্শকের কার্যালয়, কুষ্টিয়ায় কর্মরত (সংযুক্ত উপমহাপরিদর্শকের কার্যালয়, খুলনা)। ০৯-০৬-২০২৪ থেকে ০৮-০৬-২০২৫ তারিখ পর্যন্ত অনুমোদিত শিক্ষা ছুটিতে কানাডাতে অবস্থান করছিলেন। ০৮-০৬-২০২৫ তারিখে ছুটি শেষ হওয়ার পরেও তিনি অদ্যাবধি অত্র কার্যালয়ে যোগদান করেন নাই।

**সাক্ষীদের জবানবন্দি ও নথিপত্র পর্যালোচনায় নিম্নোক্ত বিষয়সমূহ প্রমাণিত হয়:**

অভিযুক্ত কর্মচারী ০৮-০৬-২০২৫ তারিখে ছুটির মেয়াদ সমাপ্ত হওয়ার পর অদ্যাবধি কর্মস্থলে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। উল্লেখ্য, বর্ণিত কর্মচারীর ছুটি বর্ধিতকরণের আবেদন কর্তৃপক্ষ কর্তৃক নামঞ্জুর করা হয়েছিল এবং প্রধান কার্যালয় থেকে তাকে অনতিবিলম্বে দেশে প্রত্যাবর্তনপূর্বক কর্মস্থলে যোগদানের সুস্পষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছিল। তা সত্ত্বেও, তিনি কর্তৃপক্ষের নির্দেশ উপেক্ষা করে কর্মস্থলে যোগদান না করায় তা সরাসরি আদেশ অমান্য

হিসেবে পরিগণিত হয়েছে। প্রসঙ্গত, বিভাগীয় মামলার কার্যক্রম পরিচালনার লক্ষ্যে কারণ দর্শানো নোটিশসহ মামলার যাবতীয় দলিলাদি অভিযুক্তের ব্যক্তিগত হোয়াটসঅ্যাপ এবং ই-মেইলে প্রেরণ করা হয়েছে, যা তিনি গ্রহণ করেছেন মর্মে নিশ্চিত হওয়া গেছে। অভিযুক্ত কর্মচারী অভিযোগনামার লিখিত জবাব দাখিল করলেও তাতে কোনো ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেননি এবং নির্ধারিত সময়ে দেশে প্রত্যাবর্তন করে শুনানিতে অংশগ্রহণ থেকেও বিরত থেকেছেন। তদন্তের জন্য নির্ধারিত শুনানিতে সশরীরে উপস্থিত না হয়ে তিনি তদন্ত প্রক্রিয়ায় চরম অসহযোগিতা প্রদর্শন করেছেন।

**৫. তদন্তকারী কর্মকর্তার পর্যবেক্ষণ ও মতামত:**

তদন্তকালে প্রাপ্ত সাক্ষ্য-প্রমাণ ও পারিপার্শ্বিক অবস্থা বিশ্লেষণ করে দেখা যায় যে, জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ) যথাযথ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে দীর্ঘকাল ধরে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। তিনি বিদেশে অবস্থান করে কর্তৃপক্ষের আদেশ লঙ্ঘন করেছেন এবং পলাতক রয়েছেন। তার এই আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ২(খ) ও ২(চ) অনুযায়ী সুস্পষ্টভাবে **'অসদাচরণ'** ও **'পলায়ন'**-এর পর্যায়ভুক্ত। তার এই অনুপস্থিতির ফলে মাঠ পর্যায়ের গুরুত্বপূর্ণ শ্রম পরিদর্শন কার্যক্রম মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। সুতরাং, অভিযুক্ত জনাব শিউলী বিশ্বাস, শ্রম পরিদর্শক (সাধারণ) এর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী **'অসদাচরণ'** ও একই বিধিমালার বিধি ৩(গ) অনুযায়ী **'পলায়ন'** এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে।

**সংযুক্তি:** বর্ণনামতে- ১৭ (সতের) পাতা।

22/02/2026

**(এ.কে.এম. মানছুরুল হক)**
উপমহাপরিদর্শক
প্রসাশন শাখা; প্রধান কার্যালয় এবং
তদন্তকারী কর্মকর্তা